

সভাপতি : জনাব নিতাই গাইন
 ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাটিয়াঘাটা, খুলনা।
 সভার তারিখ : ০৭/১০/২০২১ খ্রিঃ, বেলা ১১.০০ টা।
 স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
 উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ও পদবী :

ক্রঃ নং	উপস্থিতির নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব নিতাই গাইন	ভাইস চেয়ারম্যান ও সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব চঞ্চলা মণ্ডল	মহিলা ভাইস চেয়ারম্যান ও সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ গোলাম হাসান	চেয়ারম্যান ৬ নং ইউপি ও সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব হাদিউজ্জামান হাদি	চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি ও সদস্য	অনুপস্থিত
০৪	জনাব জান্নাতুন নেছা	উপজেলা সমবায় অফিসার ও সদস্য	"
০৫	জনাব নারায়ণ চন্দ্র সরকার	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সদস্য সচিব	স্বাক্ষরিত

অধ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাটিয়াঘাটা, খুলনা। সভার সার্বিক দায়িত্ব পালন করেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব নারায়ণ চন্দ্র সরকার।

সভার শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান সদস্য সচিব। পাঠ শেষে উহা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। সভায় নিম্নোক্ত বিষয়গুলোর উপর আলোচনা শেষে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তাকারে গৃহীত ও অনুমোদিত হয়। যথা-

অত্র দপ্তরে বিআরডিবি'র অধীনে প্রকল্প/কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে। যে কর্মসূচির খেলাপী মেয়াদোত্তীর্ণ ঋণ এখনও মাঠে পড়ে আছে। তা ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। যাতে করে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আগামী ডিসেম্বর/২০২১ মাসের মধ্যে ৮০% এবং মার্চ/২০২২ মাসের মধ্যে ১০০% ঋণ আদায়ের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসে বেশ কিছু সার্টিফিকেট মামলা দায়ের করা আছে, যার মাধ্যমে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় করা সম্ভব হবে বলে সভায় ইউআরডিও মহোদয় জানান।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন অত্র উপজেলায় অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩(পিআরডিপি-৩) এর আওতায় চলমান প্রকল্প ৩য় পর্যায় কর্তৃক বাস্তবায়নাধীন ২০২১-২২ অর্থ বছর শুরু হয়েছে। নির্ধারিত ২টি ইউনিয়নে স্কিমের কার্যক্রম চলমান আছে।

এ সকল বিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয় এবং অন্যান্য কার্য চালিয়ে যেতে বলা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

করেন।



(নিতাই গাইন)
 সভাপতি ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
 বাটিয়াঘাটা, খুলনা।
 তারিখঃ-০৭/১০/২০২১ খ্রিঃ

স্মারক নং-৪৭.৬২.৪৭১২.৮৫৪.০৬.০৩৬.১৩.৭৭১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাটিয়াঘাটা, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বাটিয়াঘাটা, খুলনা।
- ৩। ভাইস চেয়ারম্যান (পুঃ/মঃ), উপজেলা পরিষদ, বাটিয়াঘাটা, খুলনা।
- ৪। চেয়ারম্যান, বালিয়াডাঙ্গা/গঙ্গারামপুর ইউ পি, বাটিয়াঘাটা, খুলনা।
- ৫। উপজেলা সমবায় অফিসার, বাটিয়াঘাটা, খুলনা।
- ৬। অফিস কপি।



উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
 বাটিয়াঘাটা, খুলনা।
 ফোন : ০২৪৭৭৭৩২৭০৫